بسم الله الرحمن الرحيم

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

15 August 2013

Bangladesh Embassy in Washington DC observes National Mourning Day

Bangladesh Embassy in Washington DC observed the National Mourning Day today (15 August 2013) marking the 38th martyrdom of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman with due solemnity.

The day began with the hoisting of the National Flag at half-mast on the mission premises and also at the Bangladesh House. On the occasion, the embassy organized a discussion session and *Doa Mahfil* at the Bangabandhu Auditorium of the Embassy which was attended by a large number of participants including representative from community leaders, media, professional groups, and embassy officials. Messages of the Hon'ble President, Hon'ble Prime Minister and Hon'ble Foreign Minister were read out. A documentary film featuring the life and works of Bangabandhu Sheikh Mujibur Rahman was screened on the occasion.

In the discussion session, the speakers highlighted the glorious life and works of the Father of the Nation. They also called upon the Bangladeshi expatriates to work together to build a `Sonar Bangla' dreamt by Bangabandhu Sheikh Mujibur Rahman under the dynamic leadership of Prime Minister Sheikh Hasina. Anis Ahmed, broadcast journalist of Voice of America presented a paper on the linguistic aspects of the historic 7th March speech of Bangabandhu. He said that both in tone and texture, it was an extraordinary speech where Bangabandhu prepared his millions of followers for the upcoming war of independence.

Bangladesh Ambassador to the USA Mr. Akramul Qader in his speech termed Father of the Nation, Bangabandhu Shiekh Mujibur Rahman as a larger than life persona. He offered a narrative of Bangabandhu's journey from the solitary confinements of Pakistan to the newly independent Bangladesh in January 1972. Citing excerpts from Bangabandhu's speech in Delhi Airport, he said that Bangabandhu demonstrated the highest level of political acumen and diplomatic wisdom only days after he stepped in the world politics as the President of an independent country. In his interactions with media, he (Bangabandhu) showed remarkable restraint and balance, hallmark of a quintessential politician and diplomat, Ambassador Qader added. He said that the core constituent of Bangabandhu's foreign policy was to protect and promote national interest and placing the newly independent country into a respectful position in the comity of nations. This has earned Bangabandhu huge respect in the global arena, Ambassador Qader concluded.

A special prayer was offered for the eternal peace of the departed souls of Bangabandhu Sheikh Mujibur Rahman and his family members.

Contact : Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071 , Fax : 202-244-2771/7830, e-mail : bdoot_pwash@yahoo.com

بسم الله الرحمن الرحيم

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

১৫ আগষ্ট, ২০১৩

ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসে জাতীয় শোক দিবস পালিত

যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাস আজ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৩৮ তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন করে।

দিবসটি উপলক্ষে দূতাবাস প্রাঙ্গন এবং বাংলাদেশ হাউজে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়। বাংলাদেশ দূতাবাসের বঙ্গবন্ধু অডিটরিয়ামে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে এক আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে স্থানীয় কমিউনিটির নেতৃস্থানীয় প্রতিনিধি, সাংবাদিক, পেশাজীবী এবং দূতাবাসের কর্মকর্তাসহ আরো অনেকে উপস্থিত ছিলেন। সভার শুরুতে এ উপলক্ষে বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র মন্ত্রীর বাণী পাঠ করে শোনানো হয়। বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপরও একটি প্রামান্যচিত্র প্রদর্শন করা হয়।

আলোচনা অনুষ্ঠানে বাংলাদেশ দূতাবাসের কর্মকর্তা ও প্রবাসী বাংলাদেশী বক্তারা জাতির জনকের বর্ণাঢ্য জীবন ও কর্মের উপর আলোকপাত করেন এবং বাংলাদেশের স্বাধীনতা অর্জনে তাঁর অনন্য অবদানের কথা কৃতজ্ঞচিত্তে স্মরণ করে তাঁর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। বক্তারা বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ে তোলার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে প্রবাসী বাংলাদেশীদের ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান। ভয়েস অব আমেরিকার সাংবাদিক জনাব আনিস আহমদ বঙ্গবন্ধুর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষনের একটি ভাষাতাত্ত্বিক বিশ্লেষন উপস্থাপন করনে । তিনি বলেন বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষন-এর গাথুনি এবং অসাধারণ প্রকাশভঙ্গীর কারনে দেশের লক্ষ লক্ষ মানুষকে স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণে অনুপ্রানিত করেছিল।

যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত জনাব আকরামুল কাদের জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বলেন, একজন মানুষ এবং রাষ্ট্রনায়ক হিসেবে বঙ্গবন্ধু অপরিমেয় বিশালত্বের অধিকারী। তিনি ১৯৭২ সালের জানুয়ারীতে পাকিস্তানের

কারাগার হতে স্বাধীন বাংলাদেশে বঙ্গবন্ধুর প্রত্যাবর্তনের সময়কালীন বিভিন্ন ঘটনার এক বাস্তব বিবরন উপস্থাপন করেন। দিল্লী বিমানবন্দরে প্রদত্ত বঙ্গবন্ধুর ভাষনের উল্লেখ করে তিনি বলেন, একটি স্বাধীন দেশের রাষ্ট্রপতি হিসেবে বিশ্ব রাজনীতিতে পদার্পন করার কয়েক দিনের মধ্যেই তিনি সমগ্র বিশ্বকে তার রাজনৈতিক প্রজ্ঞা ও কূটনৈতিক পারদর্শিতার পরিচয় দেন। প্রচার মাধ্যমে প্রদত্ত বিভিন্ন বক্তব্যের ক্ষেত্রেও তিনি তার রাজনৈতিক দূরদর্শিতা ও কূটনৈতিক দক্ষতার পরিচয় রেখেছেন। তিনি বলেন বঙ্গবন্ধুর পররাষ্ট্রনীতির মূল বিষয়বস্তু ছিল জাতীয় স্বার্থকে রক্ষা করা এবং সদ্য স্বাধীনতাপ্রাপ্ত দেশকে বিশ্ব দরবারে প্রতিষ্ঠিত করা। এ কারণে বিশ্ব নেতৃবৃন্দের কাছে বঙ্গবন্ধু নিজের এবং জাতির জন্য অনেক সম্মান অর্জন করেছিলেন।

আলোচনা সভা শেষে বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সদস্যসহ যাঁরা ১৫ ই আগস্ট শাহাদাৎ বরণ করেছেন তাঁদের বিদেহী আত্নার মাগফেরাত কামনা করে ও বাংলাদেশের অব্যাহত শান্তি ও সমৃদ্ধি কামনা করে মোনাজাত করা হয়।

যোগাযোগ ঃ স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন, ডিসি-২০০০৮, টেলিফোন ঃ ২০২-২৪৪-৫০৭১, ফ্যাক্স-২০২-২৪৪-২৭৭১/৭৮৩০, ইমেইল-: bdoot_pwash@yahoo.com